



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল



শ্রম অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরে অনুষ্ঠিত ৪র্থ উদ্ভাবনী সভার কার্যবিবরণী।

সভাপতি	আবদুল লতিফ খান এনডিসি মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	১৭/০২/২০২১ খ্রি.
সভার সময়	দুপুর ১.০০টায়
স্থান	মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' অনুযায়ী।

সভাপতি মহোদয় ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব গত ১৬-০২-২০২১ খ্রি: তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত ইনোভেশন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় শ্রম অধিদপ্তরের প্রতি প্রদত্ত নির্দেশনা উপস্থাপন করেন। সভায় ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এসময় সভাপতি মহোদয় সকল কর্মকর্তাগণকে উদ্ভবন চর্চায় গুরুত্ব দেওয়ার আহবান জানান। সভায় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	উদ্ভাবন উদ্যোগ পাইলটিং	উদ্ভাবন উদ্যোগ হিসেবে "অন্বেষণ- শ্রমিকের কল্যাণে সর্বদা শ্রম কল্যাণ কেন্দ্র" আগামী ২৫/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে শ্রম কল্যাণ কেন্দ্র, রূপসায় পাইলটিং সম্পন্ন করে রিপোর্ট প্রদান করবেন।	জনাব মোঃ মিজানুর রহমান পরিচালক বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা
২	ডিজিটাল সেবা বাস্তবায়ন	ডিজিটাল সেবা বাস্তবায়নে "গ্রন্থাগার সেবার আধুনিকায়ন" কার্যক্রমটি শ্রম অধিদপ্তরের, প্রধান কার্যালয়ের গ্রন্থাগারকে আধুনিকায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ২৮/০২/২০২১ খ্রি. তারিখের বাস্তবায়ন সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করবেন।	জনাব রোখসানা চৌধুরী উপপরিচালক, শ্রম অধিদপ্তর জনাব সোহেল আজিম সহকারী পরিচালক, শ্রম অধিদপ্তর
৩	কর্মশালা আয়োজন	সেবা সহজিকরণ আইডিয়া হিসেবে "ট্রেড ইউনিয়নের গঠনতন্ত্র সংশোধন প্রক্রিয়া সহজীকরণ" সংক্রান্ত একটি কর্মশালা ট্রেড ইউনিয়ন সংশ্লিষ্ট অংশীজনসহ আগামী ২৫/০২/২০২১ খ্রি. তারিখ আয়োজন করা হবে।	পরিচালক ট্রেড ইউনিয়ন/প্রশাসন/আইসিটি ইনোভেশন টিম ও আইডিয়া প্রদানকারী টিম
৪	কমিটি পুনঃগঠন	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর পত্র নং ৪০.০০.০০০০.০৩৬.৩২. ০০৬.১৭.১১৪ এবং মন্ত্রিপরিষদ বিভাগ এর প্রজ্ঞাপন অনুযায়ী ইনোভেশন টিম প্রধানের পদবী সংশোধন পূর্বক অত্র দপ্তরের পরিচালক (প্রশাসন) কে ইনোভেশন অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করে ইনোভেশন কমিটি পুনঃগঠন করা হয় এবং ইনোভেশন কমিটি পুনঃগঠন সংক্রান্ত অফিস আদেশ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	সদস্য সচিব

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল লতিফ খান এনডিসি
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)


স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৪৩.৬৬.০০৭.১৯.১২

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৭

১৮ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ২) পরিচালক, পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ), শ্রম অধিদপ্তর
- ৩) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৪) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর
- ৫) পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা
- ৬) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর
- ৭) উপ পরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর
- ৮) জনাব মোঃ মাহাবুব আলম, সহকারী পরিচালক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা
- ৯) জনাব মোঃ নাজিম আহমেদ, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা
- ১০) অফিস কপি।



মোঃ সোহেল আজিম
সহকারী পরিচালক